

২০২১

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাধারণ

পত্র : DSE-B-1

(দেশভাগ ও বাংলা সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসটির নামকরণের তাৎপর্য আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসটির প্রেক্ষাপটে দেশভাগ ও দাঙ্গার যে ভয়াবহ বর্ণনা রয়েছে, তা সংক্ষেপে পর্যালোচনা করো। ১০
- ২। (ক) 'এপার গঙ্গা ওপার গঙ্গা' গল্পে লেখিকা জ্যোতির্ময়ী দেবীর কলমে দুর্গার জীবনের আতঙ্ক ও অসহায়তার কথা যেভাবে চিত্রিত হয়েছে তা নিজের ভাষায় লেখো। ১০
- অথবা,
- (খ) মানিক বন্দ্যোপাধ্যায়ের 'ছেলেমানুষি' গল্পটির সাহিত্যমূল্য বিচার করো। ১০
- ৩। (ক) অন্নদাশঙ্কর রায়ের 'খুকু ও খোকা'-র অন্তর্নিহিত বক্তব্যটি নিজের ভাষায় লেখো। ১০
- অথবা,
- (খ) 'পূর্ব-পশ্চিম' কবিতায় পূর্ববাংলা এবং পশ্চিমবাংলার ভিন্ন সংস্কৃতির মধ্যে 'একসুর এক আকাশের' মেলবন্ধন করেছেন কবি। — আলোচনা করো। ১০
- ৪। (ক) 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে অমলা ও কমলা চরিত্র দুটির প্রয়োজনীয়তা আলোচনা করো। ৫
- অথবা,
- (খ) অতীন বন্দ্যোপাধ্যায় চিত্রিত শামসুদ্দিন চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৫। (ক) 'পালঙ্ক' গল্পের শুরুতে যে চিঠির প্রসঙ্গ রয়েছে, তা গল্পের কাহিনীতে কতটা গুরুত্ব পেয়েছে, সংক্ষেপে লেখো। ৫
- অথবা,
- (খ) 'করণকন্যা' গল্পে অরুন্ধতীর পরিণতি সংক্ষেপে লেখো। ৫

Please Turn Over

- ৬। (ক) সীমানার দাগে দাগে জমাট রক্তের দাগ—  
কালনেমী করে লক্ষা ভাগ।  
— কোন কবিতার অংশ? কবি কে? উদ্ধৃতাংশের তাৎপর্য লেখো। ১+১+৩
- অথবা,**
- (খ) ‘তোমাকে বলেছিলাম, যত দেরিই হোক,  
আবার আমি ফিরে আসব  
— কোন কবিতার অংশ? কবি কে? উদ্ধৃতাংশের তাৎপর্য লেখো। ১+১+৩
- ৭। (ক) ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসে জোটন পিরসাহেবের চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৫
- অথবা,**
- (খ) প্রফুল্ল রায়-এর ‘রাজা আসে রাজা যায়’ গল্পটির বিষয়বস্তু সংক্ষেপে লেখো। ৫
- অথবা,**
- (গ) সুনীল গঙ্গোপাধ্যায়ের ‘ধাত্রী’ কবিতায় ‘এক হেঁজিপেজি বাহাভুরে বুড়ি কোথায়, কেন, কীভাবে স্থান পেয়েছে? ৫
- ৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫
- (ক) ‘নীলকণ্ঠ পাখির খোঁজে’ উপন্যাসে শামসুদ্দিনের মেয়ের নাম কী?
- (খ) বেকার যুবক রঞ্জিত কাকে ভালোবেসে গ্রাম থেকে বিতাড়িত হয়?
- (গ) বড়বাড়ির হাতির মাছতের নাম কী?
- (ঘ) ফেলু শেখের স্বভাবে কী দোষ ছিল?
- (ঙ) ‘রাজা আসে রাজা যায়’ গল্পে বৈকুণ্ঠ সাহা কে?
- (চ) ‘ছেলেমানুষি’ গল্পে চিত্রায়িত দুটি শিশুচরিত্রের নাম লেখো।
- (ছ) ‘ছেলেমানুষি’ গল্পে কোন সামাজিক ঘটনার অভিঘাতে নাসিরুদ্দিন ও তারাপদর দীর্ঘদিনের সৌহার্দ্য নষ্ট হতে চলেছিল?
- (জ) নীরেন্দ্রনাথ চক্রবর্তী-র ‘তোমাকে বলেছিলাম’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
- (ঝ) “আমার মুখে অন্তহীন আত্মলাঞ্ছনার ক্ষত” — কোন কবিতা থেকে উদ্ধৃতাংশটি গৃহীত? কবি কে?
- (ঞ) “আমারা যেন বাংলাদেশের / চোখের দুটি তারা” — কোন কবিতার অংশ? কবি কে?
- (ট) বিষ্ণু দে-র ‘জল দাও’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
- (ঠ) ‘এখানে তো শাঁখের করাতে / দিনগুলি কেটে যায় করাতের দাঁতে।’ — কোন কবিতার অন্তর্গত? কবি কে?
- (ড) ‘ড্রেসিংটেবিল’ গল্পে মূল চরিত্রটির নাম লেখো।
- (ঢ) ‘করণকন্যা’ গল্পে সুবিমলের বোনের নাম কী?
- (ণ) ধলাকর্তা কোন গল্পের চরিত্র?